



২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/৪৮২২

তারিখ : ১৩ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
২৬ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

বিষয় : বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এ পুনঃপরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের ফি জমাদান প্রসঙ্গে।

জনাব

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ এর ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ সেমিস্টারের বিষয়ভিত্তিক ও চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। অকৃতকার্য বা পরীক্ষায় অনুপস্থিত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী আসন্ন বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এ পুনঃপরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক তাদের পুনঃপরীক্ষার জন্য অন-লাইনে আবেদন এবং ফি (প্রতি কোর্স ১২০/-) আগামী ২৭/০২/২০২৬ হতে ২৭/০৩/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে মোবাইল ক্যাশ 'নগদ' এর মাধ্যমে জমা দিতে হবে। exam.bou.ac.bd ওয়েব সাইটের "পুনঃনিরীক্ষণ ও পুনঃপরীক্ষা" লিংকে গিয়ে আবেদন ও ফি জমা প্রদান করতে হবে (উক্ত লিংকে আবেদন এবং ফি জমা দেয়ার নিয়মাবলী দেয়া আছে)।

২। কোন শিক্ষার্থী উক্ত তারিখের মধ্যে পুনঃপরীক্ষার ফি জমাদানে ব্যর্থ হলে বাউবির নীতিমালা অনুযায়ী পরবর্তী ০২ (দুই) সপ্তাহ অর্থাৎ আগামী ২৮/০৩/২০২৬ তারিখ হতে ১০/০৪/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত বিলম্ব ফিসহ পুনঃপরীক্ষার ফি জমা দিয়ে আবেদন করতে পারবেন। পুনঃপরীক্ষার ফি জমাদানের প্রিন্ট কপি (Transaction ID ও Transaction Date) শিক্ষার্থী নিজে সংরক্ষণ করবেন। নির্ধারিত তারিখের পর ওয়েবসাইটে কোন আবেদন ও পুনঃপরীক্ষার ফি জমা দেয়া যাবে না।

এমতাবস্থায়, উল্লিখিত তথ্যাদি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ।

মোঃ হাবিবুল্লাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবির ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪. আইসিটি কনসালটেন্ট, বাউবি।
৫. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহ: আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র(সকল), বাউবি।
৬. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. সহকারী সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৯. সংরক্ষণ নথি।

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়	
কম্পিউটার বিভাগ	
সিস্টেম ম্যানেজার/পরিচালক এর কার্যালয়	
ডায়েরী নং.....	৩৬২
তারিখঃ.....	২৭-২-২৬
সিস্টেম এনালিস্ট/ডেপুটি সিস্টেম এনালিস্ট/ওয়েব মাস্টার/সহঃ প্রোগ্রামার/ASANA	
সহঃ সিস্টেম এনালিস্ট/হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার/HME	
সহঃ পরিচালক/সহকারী প্রোগ্রামার/AHME	

২৭/২/২৬